গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখঃ /০৮/২০২৬ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকা:/২০২৬/৩৭০২ তারিখঃ ২৪/০৮/২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ০১/০৯/২০২৬ তারিখ হতে ০৯/০৯/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। মনোনিত প্রার্থীগণ **৩১/০৮/২০২৬ তারিখ থেকে ০৮/০৯/২০২৬ তারিখের** মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করার পর ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ভর্তি সংক্রান্ত (http://bbagc.eshiksabd.com/) ওয়েবসাইট-এ লগইন করে কলেজের ভর্তি ফরম পূরণ করবে। কলেজের ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি আগামী **০১/০৯/২০২৬ তারিখ হতে ০৯/০৯/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার** মধ্যে Nagad, Bkash অথবা Upay App ব্যবহার করে পরিশোধ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম এবং টাকা জমার রশিদ পরবর্তী প্রয়োজনে প্রিন্ট করে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করবে।

### ভর্তি ফি এর বিবরণ

| ক্রমিক নং | বিষয় | ভর্তি ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১,১৩০/- ফিসহ) | সেমিনার ফি (৪ বছরের জন্য) | মোট টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) | ভর্তি ফি পরিশোধের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, অর্থনীতি ও সমাজকর্ম | ৪,১২০/- | ১,৮০০/- | ৫,৯২০/- | ০১/০৯/২০২৬ হতে ০৯/০৯/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| ২. | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স ও মার্কেটিং | ৪,১৮০/- | ১,৮০০/- | ৫,৯৮০/- | |
| ৩. | পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা | ৪,৩০৫/- | ২,৪০০/- | ৬,৭০৫/- | |

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়াঃ-**

ধাপ ১: www.nu.ac.bd/admission/ ওয়েবসাইটে NU Roll ও PIN নম্বর দিয়ে লগইন করতে হবে।
ধাপ ২: Admission Form এর চাহিত তথ্য ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে ফরম পূরণ করতে হবে।
ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণের পর কলেজের ভর্তির আবেদন ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়াঃ-**

ধাপ ১: http://bbagc.eshiksabd.com/ ওয়েবসাইটে User Name: bbagcstudent Password: bbagcstudent দিয়ে লগইন করতে হবে।
ধাপ ২: Admission এ সিলেক্ট করতে হবে।
ধাপ ৩: Click For Admission Form এ ক্লিক করতে হবে।
ধাপ ৪: Select Level থেকে Honour's এ ক্লিক করতে হবে।
ধাপ ৫: Select Department (যে বিভাগে স্থান প্রাপ্ত) ⟹ Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন রোল) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
ধাপ ৬: ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের **(সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙ্গিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়)** ছবি আপলোড করতে হবে।
ধাপ ৭: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে সকল তথ্য দেখতে পাওয়া যাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভতিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম পূরণের পর ভর্তি ফি জমাদান প্রক্রিয়াঃ-**

ধাপ ১: Nagad, Bkash অথবা Upay App এ Login করতে হবে।
ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay বা বিকাশ এবং উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।
ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College **সিলেক্ট করতে হবে।**
ধাপ ৪: Enter Student ID এর স্থানে NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের রোল) এন্ট্রি দিতে হবে।
ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

**ভর্তি ফি পরিশোধ সংক্রান্ত প্রয়োজনে ০২২২৪৪২৩৩৪৯ নম্বরে (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করার জন্য বলা হলো।**

**ভর্তি সংক্রান্ত সতর্কতাঃ-**

ক) কলেজ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি পরিশোধ ব্যতীত ভর্তি নিশ্চয়ন (Confirm) হবে না।
খ) কোন শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।
গ) ভর্তি কার্যক্রমের যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হবে, কোনো কাগজপত্র কলেজে জমা দিতে হবে না। অনলাইনে ডাউনলোডকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও টাকা জমার রশিদ শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

31.8.26
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর